শ্লোকে "প্রায়সঃ" পদের উল্লেখ করিবার অভিপ্রায় এই যে, যাঁহারা নিষ্কামভাবে বিশুদ্ধ ভজন করিতেছেন, তাঁহাদের জ্ঞান বৈরাগ্য অভ্যাসের কোনই প্রয়োজন নাই। তন্মধ্যে যেমন সদ্যোমুক্তিমার্গ থাকা সত্ত্বেও কোন সাধকের ক্রমমুক্তিমার্গে প্রবৃত্তি জন্মিয়া থাকে, তেমনি শ্রীভগবদ্গীতার "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং"। এই শ্লোকানুসারে ব্রহ্মস্বরূপানুভূতি লাভ করার পর শ্রীভগবানে পরাভক্তির কথা যে উল্লেখ করা হইয়াছে, সে স্থানে বুঝিতে হইবে এটি সদ্যোমুক্তিমার্গের রীতি নয়, ক্রমমুক্তিপথেই ক্রমভক্তিমার্গে এইরূপ ঘটিয়া থাকে। এই ক্রমভক্তিমার্গে যদি কাহারও প্রবৃত্তি জন্মে, তাহা হইলে সেই সাধকের জ্ঞানবৈরাগ্যের কথঞ্চিৎ অপেক্ষা থাকিতে পারে। তাহা হইলে এইরূপ যে বিশুদ্ধ ভক্তির নিজ ফলসকল ফলের রাজা শ্রীভগবৎপ্রেমলাভেই তাৎপর্য্য, সেই বিশুদ্ধভক্তি-সাধনে কিন্তু জ্ঞান-বৈরাগ্যের কোনই অপেক্ষা নাই। জ্ঞানাদি সাধন করিয়া পৃথক পৃথক ভাবে যে ফলটি পাওয়া যায়, সেই সকল সাধনের ফলপ্রাপ্তিজন্যও পৃথক্ সাধনের অনুষ্ঠান করিবার কোনই প্রয়োজন নাই। বিশুদ্ধ ভক্তিসাধন করিলেই সেই সাধনের মুখ্যফল অনায়াসেই লাভ করিতে পারা যায়। ইহাই বলিতেছেন—হে উদ্ধব! রাশি রাশি কর্ম্মানুষ্ঠানে যে ফললাভ হয়, চিত্তের একাগ্রতা, জ্ঞানসাধনে, বৈরাগ্য-অনুষ্ঠানে যে ফল, অষ্টাঙ্গযোগসাধনে, দানধর্ম্মে এবং অন্যান্য যত শ্রেয়ঃসাধনে যে যে ফললাভ হইয়া থাকে, মদীয়-ভক্ত আমার ভক্তিযোগ প্রভাবে সেই সমুদয় সাধনের মুখ্যমুখ্য ফল অনায়াসে লাভ করিয়া থাকে; এমনকি স্বর্গ, মোক্ষ এবং আমার সুখময় বৈকুণ্ঠধাম কোন অভিপ্রায়ে যদি পাইতে চায়, তাহা হইলেও অনায়াসেই তাহা লাভ হইয়া থাকে ॥ ৮৪ ॥

ইতরৈস্তীর্থযাত্রা ব্রতাদিভিরপি যদ্ভাব্যং তৎ সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতে। তত্রাপ্যঞ্জসা অনায়াসেনৈব। কিন্তৎ সর্ব্বং তদাহ, স্বর্গাপবর্গমিতি। স্বর্গঃ প্রাপঞ্চিক-সুখং সত্ত্বশুদ্ধ্যাদিক্রমেণাপবর্গো মোক্ষসুখঞ্চ। তদতিক্রমিসুখঞ্চ ভগবতীত্যাহ, মদ্ধাম বৈকুণ্ঠঞ্চেতি। কথঞ্চিদ্ভক্ত্যুপকরণত্বেনৈব যদি বাঞ্ছতি কশ্চিৎ। তত্র শ্রীচিত্রকেত্বাদিবৎ স্বর্গবাঞ্ছা। তস্য ভক্ত্যুপকরণত্বঞ্চোক্তম্। স লক্ষং বর্ষলক্ষাণামব্যাহতবলক্রিয়ঃ। রেমে বিদ্যাধরস্ত্রীভির্গাপয়ন্ হরিমীশ্বরম্। ইতি। শ্রীশুকাদিবদপবর্গবাঞ্ছা। তৎপ্রার্থনয়া শ্রীকৃষ্ণেন দূরীকৃতায়াং মায়ায়াং মাতৃগর্ভাদ্ বহির্বভূবেতি হি ব্রহ্মবৈবর্ত্তে কথা। তত্র চ ভক্ত্যুপকরণত্বং ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেত্যাদিগীতাবচনাৎ। তথা প্রাপ্তভগবৎপার্ষদ-পদতদীয়বৃন্দবিশেষবদ্বৈকুণ্ঠেচ্ছা? তে হি প্রেম্ণা সাক্ষাৎ শ্রীভগবচ্চরণারবিন্দ-